দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 APR 1997
পৃষ্ঠা ১২ কলাম ৮

01

# অননুমোদিত মেডিকেল কলেজের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ

**মাইনুল হাসান** ॥ সরকার অননুমোদিত মেডিকেল কলেজ ও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়াছেন।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের ঐ নির্দেশেবলী হয় যে, বেশকিছু বেসরকারী ব্যক্তি ও সংস্থা সরকার এবং বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিলের পূর্বানুমতি ছাড়া বেসরকারী উদ্যোগে মেডিকেলে ও ডেন্টাল কলেজসহ বিভিন্ন ধরনের চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করিয়া ছাত্রছাত্রী ভর্তি করাইতেছেন। ইহার ফলে

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

লংঘিত [illegible] শাস্তিযোগ্য অপরাধ। এই ধরনের অপরাধের ক্ষেত্রে দুই বছর পর্যন্ত কারাদণ্ড ও জরিমানার বিধান রহিয়াছে। সরকারী নির্দেশে বলা হয় যে, এ ধরনের তৎপরতা হইতে বিরত থাকার জন্য বার বার অনুরোধ জানানো সত্ত্বেও কোন কোন অননুমোদিত মেডিকেল ও ডেন্টাল কলেজ ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া শিক্ষার্থীদের বিভ্রান্ত করিতেছে। শিক্ষার্থীরা একদিকে প্রতারিত ও অন্যদিকে আর্থিক ক্ষতির সম্মুখীন হইতেছে। মন্ত্রণালয় এ কাজে নিয়োজিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে কাউন্সিল এ্যাক্টের ৩১ ধারা ও দণ্ডবিধি আইনের ৪২০ ধারামতে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে নির্দেশ দিয়াছেন। উল্লেখ্য, ইত্তেফাকে অননুমোদিত মেডিকেল কলেজ সংক্রান্ত একটি প্রতিবেদন ইতিপূর্বে প্রকাশিত হইয়াছিল।

১০৭